

**APQN Annual Academic Conference (AAC), Annual General Meeting (AGM)
2023 and Memorandum Of Understanding (MOU)**



এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উচ্চশিক্ষার ক্ষেত্রে সর্ববৃহৎ কোয়ালিটি অ্যাসুরেন্স নেটওয়ার্ক Asia-Pacific Quality Network (APQN) গত ২০ বছর ধরে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে উচ্চশিক্ষার মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ২০১৯ সাল থেকে APQN এর ইন্টারমিডিয়েট সদস্যপদ লাভ করে।

০২ থেকে ০৪ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত প্রথমবারের মতো বাংলাদেশে APQN Annual Academic Conference (AAC) and Annual General Meeting (AGM) 2023 অনুষ্ঠিত হয়। ঢাকাস্থ American International University-Bangladesh (AIUB) এর ক্যাম্পাসে এই সম্মেলনটির আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। Digital Quality Assurance and Journey to Quality Enhancement শীর্ষক উপস্থাপনা বিভাগে তিনি The Future of Universities শিরোনামে Keynote Speaker হিসেবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ তাঁর প্রবন্ধে ভবিষ্যৎ বিশ্ববিদ্যালয়গুলোর রূপরেখা তুলে ধরেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য প্রফেসর ড. হাসিনা খান এবং এআইউবির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জনাব ইশতিয়াক আবেদীন।

সমাপনী অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এবং APQN এর মধ্যে Memorandum of Understanding (MOU) স্বাক্ষরিত হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পক্ষে চেয়ারম্যান Professor Dr. Mesbahuddin Ahmed এবং APQN এর পক্ষে Vice President Dr. Galina Motova (Russia) Memorandum of Understanding (MOU) তে স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ০৪জন পূর্ণকালীন সদস্য যথাক্রমে Mr. Istiaque Ahmed, Professor Dr. Md. Golam Shahi Alam, Professor Dr. Gulshan Ara Latifa, Professor Dr. S. M. Kabir, কাউন্সিলের সচিব Professor A. K. M. Monirul Islam এবং উপপরিচালক Ms. Farzana Sharmin উপস্থিত ছিলেন। APQN এর পক্ষে APQN Board Members এবং APQN এর প্রতিনিধিগণ: Prof. Dr. Jianxin Zhang (Chairperson); Dr. Jagannath Patil (Co-chairperson); (3) Ms. Liu Pingping (Secretary), and (4) Dr. Le Fang (the Secretariat administrator) উপস্থিত ছিলেন।

সমাপনী অনুষ্ঠানের শেষ পর্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি, এম.পি. প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত হয়ে সম্মেলনটিকে অলংকৃত করেন। মাননীয় মন্ত্রী সম্মেলনটি সফলভাবে শেষ করার জন্য সকলকে ধন্যবাদ জানান। সেই সাথে বাংলাদেশের উচ্চশিক্ষার মানোন্নয়নে সরকারের বিভিন্ন দিক-নির্দেশনাকে অনুসরণ করার ওপর গুরুত্ব আরোপ করেন এবং উচ্চশিক্ষার মান সমৃদ্ধ রাখতে বাংলাদেশ সরকারের গৃহীত উদ্যোগের বিস্তারিত বর্ণনা করেন।